

জাতীয় বিশ্ববিদ্যালয়
মাস্টার্স শেষ পর্বের
পরীক্ষার ফল প্রকাশ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফল সোমবার সকাল ৭টায় প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় ৩০টি বিষয়ে সারা দেশে ১১৭টি কলেজের ১ লাখ ২৭ হাজার ৮৮৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। প্রকাশিত ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd ও www.nubd.info থেকে পাওয়া যাবে। এছাড়া যে কোনো মোবাইল থেকে SMS-এর মাধ্যমে `nu<space>mf<space>Roll` লিখে ১৬২২২ নম্বরে Send করে ফল জানা যাবে।

মাস্টার্স ১ম পর্বে ডর্তির বিষয় পরিবর্তন ও কোটার তালিকা প্রকাশ আজ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ডর্তির ১ম মেধা তালিকার বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা আজ প্রকাশ করা হবে। SMS-এর মাধ্যমে বিকাল ৪টা থেকে যে কোনো মোবাইলের মেসেজ অপশনে গিয়ে `(NU<space>ATMP<space>Rol` I No লিখে ১৬২২২ নম্বরে Send করে এবং রাত ৯টায় ওয়েবসাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd থেকে তা পাওয়া যাবে।

মাতকোত্তর (প্রফেশনাল) ডর্তির
আবেদনের সময় বৃদ্ধি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের মাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড, বিপিএড, বিএমএড, বিএসএড, এমএড, এনএসএড ও এলএলবি শেষ বর্ষের অনলাইন ডর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদনের সময় ৭ জানুয়ারি ২০১৬ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।